COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 6th Semester Examinations, 2022

BENGALI

আধুনিক বাংলা ছোটগল্প

CORE-13

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'সাহিত্যে ছোটগল্প' গ্রন্থের লেখকের নাম কী ?

(খ) 'সুভা' গল্পটির রচয়িতার নাম লেখো।

(গ) কোন্ গল্প রচনার জন্য শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কুন্তলীন পুরস্কার প্রাপ্ত হন ?

(ঘ) 'নষ্টনীড়' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

(ঙ) 'পরশুরাম' কার ছদ্মনাম ? তাঁর লেখা একটি ছোটগল্পের নাম লেখো।

(চ) 'মেঘমল্লার' গল্পের সূচনায় কোন্ মন্দিরের উল্লেখ আছে ?

(ছ) 'পাহাড়িরা যাকে সোনালি অজগর বলে এ যেন ঠিক তাই।' — কোন্ নদীর কথা বলা হয়েছে ?

(জ) 'এ সংসারে কে কখন আসে যায়, সব খবর তো রাখা দায় মেজবৌ। রাখলেও বিপদ।' – 'মেজবৌ'-এর নাম লেখো।

(ঝ) 'মাদার ইন্ডিয়া' গল্পে মাদার ইন্ডিয়ার বয়স কত ?

(ঞ) দীনতারণের প্রথম পত্নীর নাম লেখো।

(ট) ফুল্লরা চরিত্রটি তোমার পাঠ্য কোন্ গল্পে আছে ?

(ঠ) তাহার পর আপন মনেই বলিল, "এবার এলে দরজা থেকেই খ্যাংরা মেরে বিদায় করে দেব।" — কাকে বিদায় করার কথা বলা হয়েছে ?

(ড) ধনিয়ার পোষ্য ছিল কারা ?

(ঢ) 'নারী ও নাগিনী' গল্পে খোঁড়া শেখের বিবির নাম কী ?

(ণ) মন্বন্তর বিষয়ে দুটি বাংলা ছোটগল্পের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ছোটগল্পের ক্ষেত্রে 'শেষ হয়ে হইল না শেষ' কথাটি কতটা গুরুত্বপূর্ণ ?

(খ) "অতঃপর 'গুণ জানাজানি' হইয়া গেল, সারাদিন ধরিয়া অপরাধিনীর অনুপস্থিতির সুযোগে বাড়িতে আলোচনার ঝড় বহিতে থাকিল।" — প্রসঙ্গ উল্লেখ করো।

(গ) 'চুয়াচন্দন' গল্পটির প্রেক্ষাপট লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) বাংলা ছোটগল্পের সঙ্গে গীতিকবিতার সাদৃশ্য বিষয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

(খ) 'পরশুরামের কুঠার' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

(গ) 'বন-জ্যোৎস্না' গল্পে প্রকৃতির ভূমিকা আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো। প্রসঙ্গত একটি সার্থক ছোটগল্পের উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও।

(খ) 'কুষ্ঠরোগীর বউ' গল্পটি মনস্তাত্ত্বিক গল্প হিসেবে কতখানি সার্থক, আলোচনা করো।

(গ) 'জগদীশ গুপ্ত নারী মনস্তত্ত্বের সুনিপুণ আলোচক' — আলোচনা করো।

——×——